আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

30 AUGUST 2024 7:45—7:55 PM IST

=============================================================

(১) আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের পঞ্চম দিনে দ্য আসাম রাইট টু পাব্লিক সার্ভিসেস এমেন্ডমেন্ট বিল-২০২৪ সহ বেশকয়েকটি বিল উত্থাপন/ জুম্মা নামাজ বিরতি রদ করার বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ/

(২) বেইজিঙে অনুষ্ঠিত ভারত-চিন সীমান্ত পরিক্রমা সম্পর্কে পরামর্শ ও সমন্বয় সংক্রান্ত কার্যতন্ত্রের ৩১তম বৈঠকে ভারত ও চিন সীমান্ত অঞ্চলে শান্তি বজায় রাখার সিদ্ধান্ত গ্রহণ/

(৩) হাইলাকান্দি থেকে লালা অভিমুখী একটি ট্রেনের সঙ্গে একটি ই-রিকশার সংঘর্ষে এক ব্যক্তির মৃত্যু/

এবং

(৪) প্যারিস অলিম্পিকের দ্বিতীয় দিনে একটি স্বর্ণ পদক সহ চারটি পদক পেয়ে ভারতের পদক তালিকায় নাম অর্ন্তভুক্ত/

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের আজ পঞ্চম দিন বেশকয়েকটি বিল উত্থাপন করা হয় । এরমধ্যে মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা দ্য আসাম রাইট টু পাব্লিক

সার্ভিসেস এমেন্ডমেন্ট বিল--২০২৪ ,পরিবহন মন্ত্রী কেশব মহন্ত দ্য আসাম মোটর ভেইকল ট্যাক্সেসন এমেন্ডমেন্ট বিল--২০২৪ ,রাজস্ব মন্ত্রী যোগেন মোহন দ্য আসাম ফিক্সেশন অব সিলিং অন ল্যান্ড হোল্ডিংস এমেন্ডমেন্ট বিল -২০২৪ , দ্য আসাম দ্য আসাম এগ্রিকালচারেল ল্যান্ড(রেগুলেশন অব রি ক্লাসিফিকেশন এন্ড ট্রান্সফার ফর নন এগ্রিকালচারেল পারপাস ) এমেন্ডমেন্ট বিল--২০২৪ উত্থাপন করেন । আজ বিধানসভায় জুম্মা নামাজ বিরতি বাতিল করার বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এসম্পর্কে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে বিধানসভার উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ঔপনিবেশিক সময়ের অবশিষ্ট উপাদান দুঘন্টার সবা স্থাগিতকরণের ব্যাবস্থাটি বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

এদিকে আজ বিধানসভায় রাজস্ব ও দূর্যোগ ব্যাবস্থাপনা বিভাগের মন্ত্রী যোগেন মোহন রাজ্যে ২০২০ সাল থেকে এপর্যন্ত প্রাকৃতিক দূর্যোগের ফলে মৃত লোকেদের পরিবারকে সরকারের পক্ষ থেকে ৪ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে বলে জানান । মন্ত্রী এক লিখিত প্রশ্নের উত্তরে একথা উল্লেখ করে বলেন যে প্রাকৃতিক দূর্যোগের ফলে রাজ্যে ২০২০ সাল থেকে এপর্যন্ত মোট ৭৮৪ জন লোকের মৃত্যু হয়েছে । সেইসঙ্গে মন্ত্রী রাজ্যে বিগত সময়ে বন্যায় ক্ষয়ক্ষতির তথ্যও তুলে ধরেন ।

---------------------------------------------------------------------------------------------

ভারত এবং চিন, সীমান্ত অঞ্চলে শান্তি বজায় রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে । উভয় দেশ দ্বিপাক্ষিক সম্পর্ক স্বাভাবিক হওয়ায় শান্তি প্রতিষ্ঠা ও বাস্তবিক নিয়ন্ত্রণ রেখা অর্থাৎ এল এ সি’র গুরুত্ব দেওয়ার বিষয়টিকে প্রাথমিক প্রয়োজন বলে পুনরায় স্মরণ করে । উল্লেখ্য- বেইজিংয়ে অনুষ্ঠিত ভারত-চিন সীমান্ত পরিক্রমা সম্পর্কে পরামর্শ এবং সমন্বয় সংক্রান্ত কার্যতন্ত্রের ৩১ তম বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । বৈঠকে বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয়ের পূর্ব এশিয়ার যুগ্ম সচিব গৌরাঙ্গলাল দাস ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেন । এদিকে চিনের বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয়ের সীমা ও সমুদ্র পরিক্রমা বিভাগের সঞ্চালক প্রধান হং লিয়াঙ চিনের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন । বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয়ের সূত্র অনুযায়ী উভয় পক্ষই বর্তমান পরিস্থিতি সম্পর্কে মুক্ত, গঠনমূলক ও ভবিষ্যদর্শী আলোচনা করা সহ এল এ সি’র পরিস্থিতি শীঘ্র সমাধানের বিষয়ো আলোচনা করেন । উভয় দেশ একইসঙ্গে কূটনৈতিক ও সামরিক ব্যবস্থার মাধ্যমে সম্পর্ক সুদৃঢ় করার ক্ষেত্রে সহমত প্রকাশ করেছে ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী চলচ্চিত্রে সর্বজনীন অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে নির্দেশাবলী গ্রহণ করেছে । চলচ্চিত্রে বিশেষ করে দৃষ্টি ও শ্রবণ শক্তিতে

বাধাগ্রস্ত লোকেদের অংশগ্রহণ নিশ্চিত করাই হচ্ছে এর মূল উদ্দেশ্য । এর পরিপ্রেক্ষিতে চলচ্চিত্রে শ্রবণ বাধাগ্রস্তদের জন্য সাংকেতিক ভাষা এবং দৃষ্টি বাধাগ্রস্তদের জন্য ধারাবিবরণীর ব্যবস্থা করতে হবে । দিসপুরে লোকনির্মাণ বিভাগের সভাগৃহে এই সংক্রান্ত এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । এতে গুয়াহাটির কেন্দ্রীয় চলচ্চিত্র প্রমাণপত্র বোর্ডের আঞ্চলিক আধিকারিক রাজীব লোচন বরঠাকুর এই বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছেন । সর্বজনীন অংশগ্রহণ সহজ করে তোলার উদ্দেশ্যে তিনি চলচ্চিতর শিল্পকে সহযোগিতা করার অনুরোধ জানিয়েছেন । এই কর্মশালায় রাজ্যের বেশকয়েকজন বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা, ভিডিও সম্পাদক, শব্দ নিয়ন্ত্রক, চলচ্চিত্র প্রদর্শক সহ চলচ্চিত্র অনুরাগীরা অংশগ্রহণ করেন । এই কর্মশালায় মুম্বাই থেকে এক্সেল সিনেমার মুখ্য কার্যবাহী আধিকারিক শ্রীমতি দীপ্তি প্রসাদও ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে অংশগ্রহণ করেন । উল্লেখ্য- উত্তর পূর্বাঞ্চলে প্রথমবারের জন্য এই কর্মশালার আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

পশ্চিমবঙ্গের বিশ্ব ভারতী  বিশ্ব বিদ্যালয়ে শ্রীমন্ত শংকরদেবের আসন প্রতিষ্ঠার জন্য বিশ্ব ভারতী বিশ্ববিদ্যালয় ও আসাম সরকারের মধ্যে গতকাল মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার উপস্থিতিতে এক চুক্তি স্বাক্ষরিত হয়েছে । আসাম সরকারের হয়ে উচ্চ শিক্ষা বিভাগের সচিব মধুসূদন নাথ এবং বিশ্ব বিদ্যালয়ের রেজিস্ট্রার অশোক কুমার মাহাতো এই চুক্তিতে স্বাক্ষর করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক অরবিন্দ মন্ডল এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এ উপলক্ষ্যে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । মুখ্যমন্ত্রী ড.শর্মা বলেন যে শ্রীমন্ত শংকরদেব ও ভক্তি আন্দোলনের ওপরে অধ্যয়ন ও গবেষনা আসাম ও ভারতের সীমার বাইরে সম্প্রসারিত করাই হচ্ছে এই আসন প্রতিষ্ঠার অন্যতম মূখ্য উদ্দেশ্য । রাজ্যসরকার আসামের বাইরে ভারতের মোট পাঁচটি বিশ্ববিদ্যালয় শ্রীমন্ত শংকরদেবের নামে আসন প্রতিষ্ঠা হাতে নিয়েছে বলেও মূখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------

পোয়া সংরক্ষিত বনাঞ্চলকে শীঘ্র বন্যপ্রাণী অভয়ারণ্য হিসেবে ঘোষনা করা হবে । পরিবেশ ও বনমন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী আজ আসাম বিধানসভায় শূণ্যকালে বিধায়ক ভূবন পেগুর  উত্থাপন করা এক বিবৃতিতে সহমত প্রকাশ করে এবিষয়ে ঘোষনা করেন । মন্ত্রী বলেন যে মূখ্যমন্ত্রী সর্বদা রাজ্যের প্রাকৃতিক সম্পদ ও জৈব বৈচিত্রের সংরক্ষণ তথা স্থায়ী বিকাশের ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতিবদ্ধতার ওপর গুরুত্ব দিয়ে আসছেন ।এক্ষেত্রে এটি অন্যতম গুরুত্বপূর্ন পদক্ষেপ হিসেবে পরিগণিত হবে বলে শ্রী পাটোয়ারী উল্লেখ করেন । উল্লেখ্য আসামের উত্তর-পূর্ব অংশে থাকা পোয়া সংরক্ষিত বনাঞ্চল

হচ্ছে বন্য জীব জন্তুতে সমৃদ্ধ এবং জৈব বৈচিত্রে ভরপুর একটি বর্ষারণ্য । ব্রহ্মপুত্রের উত্তর পার থেকে দক্ষিণ পার পর্যন্ত হাতীর প্রব্রজনের এটি দ্বিতীয় প্রধান করিডোর ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ আগামী পয়লা থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত হৃদয় ও রক্তজনিত জটিল রোগে আক্রান্ত শিশুর জন্য রাজ্যজুড়ে রোগ শণাক্তকরণ শিবির ও পরবর্তী পর্যায়ে চিকিৎসা সেবা প্রদান করবে ।এই চিকিৎসা সেবা লিউকোমিয়া থেলাসেমিয়া ইত্যাদি জটিল রক্তজনিত রোগে আক্রান্ত হয়ে অস্থি মজ্জা সংরোপনের প্রয়োজন থাকা শূণ্য থেকে ১৪ বছরের শিশুর জন্য উপলব্ধ হবে । এছাড়া জন্মগতভাবে হৃদরোগে আক্রান্ত ১৮ বছরের শিশুদেরও এই সেবা প্রদান করা হবে । প্রয়োজন অনুসারে শিশুদের নির্দিষ্ট চিকিৎসালয়ে প্রেরণের ব্যাবস্থা থাকবে ।স্বাস্থ্য সেবার পরীক্ষা কেন্দ্র হিসেবে শিলচর ,গৌহাটী সহ রাজ্যের ১৩ টি মেডিকেল কলেজ ও হাসপাতালকে শনাক্ত করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দিতে আজ এক রেল দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে । স্থানীয় সূত্রের উদ্ধৃতি দিয়ে আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- আজ আনুমানিক সকাল দশটা নাগাদ আয়নাখাল তেমাথা সংলগ্ন পশ্চিম কিত্তারবন্দ এলাকায় এই দুর্ঘটনাটি সংঘটিত হয় । হাইলাকান্দি থেকে লালা অভিমুখে দ্রিতগতিতে আসা একটি ট্রেনের সঙ্গে একটি ই-রিকশার সংঘর্ষের ফলে এই দুর্ঘটনাটি ঘটে । তবে নিহত ব্যক্তিটি ই-রিকশার চালক না রেলযাত্রী, সেবিষয়ে পুলিশ এখনো নিশ্চিত হতে পারেনি । ট্রেন আসার আগে সঠিক সময়ে রেলগেট বন্ধ না করার জন্যে এই দুর্ঘটনাটি ঘটে বলে স্থানীয় জনতা অভিযোগ করেছেন । এধরণের অবহেলার কারণে এমন দুর্ঘটনা আগেও ঘটেছে বলে স্থানীয় লোকেরা অভিযোগ করেন বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন । দুর্ঘটনার পর রেলগেটের দায়িত্বে থাকা দুজন রেলকর্মীর মধ্যে একজন পালিয়ে যান এবং অন্যজনকে পুলিশ আটক করেছে বলে জানা গেছে । কি কারণে এই রেলকর্মীকে আটক করা হয়েছে, তা এখনো স্পষ্ট নয় । এদিকে দুর্ঘটনাকে কেন্দ্র করে ঐ এলাকায় শোকের ছায়া বিরাজ করছে । পুলিশ মৃতদেহটি ময়না তদন্তের জন্য হাইলাকান্দির এস কে রায় সিভিল হাসপাতালে পাঠিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি শহরে শান্তি, সম্প্রীতি ও সৌহার্দ্যের বন্ধন অক্ষুন্ন রাখতে আজ সন্ধ্যায় হাইলাকান্দি শহরে পুলিশের এক রোড মার্চ বের করা হয় । এই রোড মার্চ শহরের পুলিশ রিজার্ভ থেকে বেরিয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে । জেলার

পুলিশ সুপার লীনা দোলের নেতৃত্বে পুলিশের এক বিশাল বাহিনী এতে অংশ নেয় । শান্তি শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ সবসম জনসাধারণের পাশে রয়েছে, এই বার্তা পৌঁছে দিতে রোড মার্চটির আয়োজন করা হয়েছে । এতে জেলার অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে সহ অন্যান্য ম্যাজিস্ট্রেটরা অংশগ্রহণ করেন । গতকাল অনুরূপ একটি রোড মার্চ হাইলাকান্দি শহরে এবং গত বুধবার  কাটলীছড়ায় বের করা হয় । উল্লেখ্য- বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে জনসাধারণের মনে আস্থার ভাব বজায় রাখার উদ্দেশ্যে এই রোড মার্চের আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

প্যারিস অলিম্পিকের আজ দ্বিতীয় দিনে ভারত একটি সোনা, একটি রূপো এবং দুটি ব্রোঞ্জ পদক নিয়ে মোট তিনটি পদক অর্জন করে পদক তালিকায় নাম অর্ন্তভুক্ত করেছে । টোকিও প্যারা অলিম্পিকে সোনার পদক লাভ করা অবনী লেখারা এস এইচ ওয়ান শাখার দশ মিটার এয়ার রাইফেল প্রতিযোগিতায় ২৪৯ দশমিক ৭ পয়েন্টে রেকর্ড গড়ে পুনরায় সোনার পদক লাভ করতে আমর্থ হয়েছে । ঐ একই শাখায় মোনা আগরওয়াল ২২৮ দশমিক ৭ পয়েন্ট পেয়ে ব্রোঞ্জের পদক অর্যন করে । এদিকে একশো মিটার স্প্রীন্টের মহিলা শাখায় প্রীতি পল ১৪ দশমিক ২-১ সেকেন্ডের সর্বোচ্চ ব্যক্তিগত রেকর্ড গড়ে ব্রোঞ্জ পদক পেয়েছে । এছাড়া পুরুষের বিভাগে শ্যুটার মনীষ নাওয়াল দশ মিটার এয়ার পিস্তল শাখায় ২৩৪ দশমিক ৯ পয়েন্ট পেয়ে দ্বিতীয় স্থান অধিকার করে রূপোর পদক অর্জন করতে সমর্থ হয় ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ করিমগঞ্জ পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় কৃমিনাশক দিবস পালন করা হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মির্নাভা দেবী আরমবাম কৃমি নাশক দিবস পালনের সূচনা করে শিশুদের জন্য একটি সুস্থ ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য এই অভিযানকে সফল করতে স্বাস্থ্য ও শিক্ষা বিভাগকে যৌথভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন  । উল্লেখ্য আজ থেকে শুরু হওয়া কৃমি নাশক অভিযানটি আগামী ৬ই সেপ্টেম্বর পর্য্যন্ত চলবে ।

---------------------------------------------------------------------------------------

লক্ষীপুরের মণিপুরী ভাষা উন্নয়ন সমিতির পক্ষ থেকে গতকাল  আসাম বিধানসভায় মণিপুরী ভাষাকে অন্যতম সহযোগী ভাষা হিসেবে স্বীকৃতি প্রদান করায় রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা সহ রাজ্য মন্ত্রী সভার সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়েছে । সংস্থার পক্ষ থেকে সভাপতি অধ্যাপক জি নরহরি শর্মা , সম্পাদিকা ডক্টর

এম সবিতা দেবী এবং সাধারন সম্পাদক আই বিনোধ সিংহ রাজ্য সরকারের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

শহীদ কনকলতা জন্ম শতবর্ষ উদযাপন সমিতির উদ্যোগে শহীদ কনকলতার জন্ম শতবর্ষ উপলক্ষ্যে আয়োজিত বছরব্যাপী অনুষ্ঠানের অঙ্গ হিসেবে গতকাল ধলাই বিধানসভা কেন্দ্রের ভাগা বাজার এম এ লস্কর সিনিয়র সেকেন্ডারি বিদ্যালয়ে শহীদ কনকলতা স্মরন অনুষ্ঠানের আয়োজন করা হয় । বিদ্যালয়ের অধ্যক্ষ বিষ্ণু রঞ্জন ধরের পৌরহিত্যে আয়োজিত সভায় শহীদ কনকলতার জীবন সংগ্রাম এবং স্বাধীনতা আন্দোলনে তার অবদান নিয়ে প্রাক্তন অধ্যক্ষ দীপঙ্কর চন্দ বক্তব্য রাখেন । পরে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় ।

-----------------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের তৃতীয় কোয়াটার ফাইনাল খেলায় ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স ট্রাইবেকারে ২-১ গোলের ব্যবধানে ব্রাইট স্টার ক্লাবকে পরাজিত করেছে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতায় আগামীকাল চর্তুথ কোয়াটার ফাইনালে ভাগার এ আর দল //নাজিয়া এন্টারপ্রাইজের দলের মূখোমূখি হবে ।

-----------------------------------------------------------------------------------------

পালংঘাট মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী স্মৃতি প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার প্রথম সেমি-ফাইনাল খেলায় ভাগা রাজঘাট এফ সি ২-০ গোলে আমড়াঘাটের ১১ ব্রাদার্স এফ সি-কে পরাজিত করেছে ।  স্থানীয় চৈতন্য চরন জগৎ চরন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার দ্বিতীয় সেমি-ফাইনালে আগামী সোমবার ডেফলিপার এফ সি দল //কালাখাল নাইন ফ্রেন্ডস এফ সি-দলের মূখোমূখি হবে  ।

-----------------------------------------------------------------------------------------